

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫. ১৭২ ১৩১.০০৪.০১.০০.২০১২(২য় খন্ড)- ৫৬৫

তারিখঃ ০১.১২.২০১৬ খ্রি:

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন এইচআইএস এন্ড ই-হেলথ কর্মসূচির আওতাধীন Local Training/Workshop বাস্তবায়নের লক্ষ্যে ২২০.৭৫ লক্ষ (দুই কোটি বিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা অগ্রিম অর্থ উত্তোলন অনুমতি প্রদান সংক্রান্ত।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে স্থানীয় প্রশিক্ষণ/ওয়ার্কসপ বাস্তবায়নের জন্য ৪৮৪০ কোডে আরপিএ (জিওবি) রাজস্বখাতে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত টাকা হতে অগ্রিম উত্তোলনের জন্য অর্থ বিভাগের সম্মতি প্রাপ্ত ৪৪১.৫০ লক্ষ (চার কোটি একচল্লিশ লক্ষ হাজার) টাকার মধ্যে ৫০% অর্থাৎ ২২০.৭৫ লক্ষ (দুই কোটি বিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা নিম্নবর্ণিত শর্তে অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।


০২। অর্থ বিভাগের নথি নং-০৭.০১০৪.০১৪.২৭১১.৩৪.২০১২-এর উদ্ভূতংশ এর মাধ্যমে সম্মতিক্রমে নিম্নবর্ণিত শর্তে অগ্রিম উত্তোলনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করা হলো :

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী অগ্রিম উত্তোলনের পূর্বে যথাসময়ে যথাযথভাবে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- (ঘ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (ঙ) অগ্রিম উত্তোলিত অর্থ ৪৮৪০-প্রশিক্ষণ কোডে সমন্বিত হবে।

০৩। এ মন্ত্রণালয়ের ১৮.০৩.২০১৩ তারিখের ৪৫.১৭২.০১১.০০০.০০.০০০১.২০১৩-১৫৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০৪। এ ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫১৮০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে ৪৮৪০ কোডে সমন্বিত হবে।

০৫। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো (কপি সংযুক্ত)।


(হাসান মাহমুদ)
উপসচিব


ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd

নং- ৪৫. ১৭২ ১৩১.০০৪.০১.০০.২০১২ (২য় খন্ড)-৫৬৫/১(৪)

তারিখঃ ০১.১২.২০১৬ খ্রি:

অনুলিপি ২(দুই) কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন, সেগুন বাগিচা, ঢাকা-এর বরাবরে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগে (বাজেট-৪ শাখা) প্রেরণ করা হলো।


(হাসান মাহমুদ)
উপসচিব

নং-

তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের (বাজেট-৪ শাখা) এর সম্মতি রয়েছে।


উপসচিব
বাজেট-৪ অধিশাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং- ৪৫. ১৭২.১৩১.০০৪.০১.০০.২০১২-৫৬৫/১(৯)

তারিখঃ ০১.১২.২০১৬ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। উপসচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৮। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(হাসান মাহমুদ)
উপসচিব